যুগান্তর

11 FEB 2013

তারিখ: 11 FEB 2013
পৃষ্ঠা ১ কলাম ৫

বিভিন্ন স্থানে প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন

যুগান্তর ডেস্ক

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রোববার দেশের বিভিন্ন স্থানে প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০১৩। প্রতিটি স্কুলে ৭ জন করে প্রতিনিধি নির্বাচনের জন্য তৃতীয় থেকে পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীরা ভোট প্রদান করে। নির্বাচন কমিশনার, প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারসহ নির্বাচনী সব প্রক্রিয়া পরিচালনা করে শিক্ষার্থীরাই। শিশুকাল থেকেই গণতন্ত্রের চর্চা, পরস্পর শ্রদ্ধাবোধ, শিশুদের সমতা রক্ষা ও বিদ্যালয়ের পরিবেশ উন্নয়নে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে ২০১০ সাল থেকে ধারাবাহিকভাবে এ নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। যুগান্তর প্রতিনিধিরা জানান—

গাইবান্ধা : গাইবান্ধা সদর উপজেলার ১৩৫টি প্রাথমিক বিদ্যালয়ে ৭টি স্কুলে স্টুডেন্টস কাউন্সিলের নির্বাচন অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ৯টা থেকে বেলা আড়াইটা পর্যন্ত একটানা ভোট গ্রহণ চলে। এতে ওইসব বিদ্যালয়ের বিপুলসংখ্যক ছাত্রছাত্রী তাদের ভোটাধিকার প্রয়োগ করে।

নড়াইল : জেলার ৪৬৯টি প্রাথমিক বিদ্যালয়ে (সরকারি ও রেজিস্টার্ড) স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। স্কুলে শিক্ষার্থীরা নিজ নিজ বিদ্যালয়ে মৃদুংগজবে শরিবন্ধ লাইনে দাঁড়িয়ে ভোট প্রদান করে।

ব্রাহ্মণবাড়িয়া : ব্রাহ্মণবাড়িয়া শহরের প্রাণকেন্দ্র হাসনার পাড়ার আদর্শ কেন্দ্রি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত টানা ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। তৃতীয় থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীর মধ্যে ৭ জন প্রতিনিধি বাছাইয়ের জন্য এ নির্বাচন। প্রতিনিধি নির্বাচনে ৩১৮ জন ভোটার ভোট প্রদান করেছে।

গোয়ালন্দ : গোয়ালন্দ উপজেলার ৩৩টি প্রাথমিক বিদ্যালয়ে সকাল ৯টা থেকে ১টা পর্যন্ত স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন সম্পন্ন হয়। ছাত্রছাত্রীদের মধ্য থেকে নির্বাচন কমিশনার, প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার, প্রার্থী ও ভোটার করার শিশুদের মধ্যে অনারকম নির্বাচনী আবেগ লক্ষ্য করা যায়।

চুনারুঘাট : হবিগঞ্জের চুনারুঘাট উপজেলার ১৬৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হল স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন। এ নির্বাচনকে ঘিরে কয়েকদিন ধরে ওই বিদ্যালয়গুলোয় ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ও আনন্দ উল্লাস পরিলক্ষিত হয়। প্রতিটি বিদ্যালয় থেকে ৭ জন করে কাউন্সিল সদস্য নির্বাচিত হন।

রাজশাহী : রাজশাহী উপজেলাধীন ১২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গতকাল রোববার স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়। সকাল ৮টা থেকে বেলা ১টা পর্যন্ত দীর্ঘ ৪ ঘণ্টাব্যাপী বিরামহীন ওই নির্বাচনে শিক্ষার্থীরা উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করে। নির্বাচনে প্রতিটি বিদ্যালয়ে ৭ জন করে ১২৩টি বিদ্যালয়ে মোট ৮৫৪ জন প্রার্থী বিজয়ী হবে।

ঝিনাইদহ (শিরোমণিপুর) : উপজেলার ৬৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৬১টি প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়। সকাল ৯টা থেকে বেলা ১টা পর্যন্ত একটানা ভোট গ্রহণ চলে।

জয়পুরহাট (ক্ষেতলাল) : উপজেলার ১৫১টি বিদ্যালয়ে নির্বাচনের মাধ্যমে শিক্ষার্থীরা ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে তাদের বিভিন্ন প্রতিনিধি বেছে নিচ্ছে। সরেজমিন উপজেলা সদরের কয়েকটি বিদ্যালয় ঘুরে দেখা গেছে, সকাল থেকে ভোটার শিক্ষার্থীরা লাইনে দাঁড়িয়ে তাদের পছন্দের প্রার্থীকে ভোট প্রদান করেন।

ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) : গতকাল ফুলবাড়ীয়া উপজেলার ১৯৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে হাসিখুশি পরিবেশে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত স্টুডেন্ট কাউন্সিল নির্বাচনে ৩য় থেকে ৫ম শ্রেণীর মোলসংখ্যক ছাত্রছাত্রীরা বিরতিহীনভাবে তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। সরেজমিন উপজেলার সরাইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, ২৩২ জন ছাত্রছাত্রীর মধ্যে ১৯৮ জন ভোট প্রদান করে।

কচুদেখা : উপজেলার অরপ্রাম প্রাথমিক শিক্ষা অফিসার জাকাত উদ্দিন জানান, উপজেলার ৯১টি সরকারি ও ৪৬টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল সম্পন্ন হয়েছে। প্রতি ভোটার ব্যালটের মাধ্যমে নিজ ক্লাসে দুজন নেতা নির্বাচন করেছে।

সখীপুর (টাঙ্গাইল) : সরকারি নির্দেশে সখীপুরের ১৩৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একযোগে অনুষ্ঠিত হল স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন। স্কুলের ছাত্রছাত্রী নির্বাচন কমিশনার, প্রিসাইডিং অফিসার, পোলিং এজেন্ট এবং প্রার্থী। এ নির্বাচনকে কেন্দ্র করে শিশু শিক্ষার্থীদের মধ্যে ছিল বিপুল উৎসাহ-উদ্দীপনা।